দৈনিক সংবাদ

তারিখ ০● AUG 1989
পৃষ্ঠা ১ কলাম ৫

৩৫

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# সমাজের উপযোগী উচ্চশিক্ষার পর্যাপ্ত পদক্ষেপ নেয়া হবে

—রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদ দেশ ও সমাজের প্রয়োজন উপযোগী উচ্চশিক্ষার লক্ষ্যে পর্যাপ্ত পদক্ষেপ গ্রহণের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেছেন।

গতকাল আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের কমিটিকক্ষে উপাচার্যদের নিয়মিত মাসিক বৈঠকে বিশ্ববিদ্যালয়গুলোর চ্যান্সেলর রাষ্ট্রপতি এরশাদ এ মন্তব্য করেন। বৈঠকে উপাচার্যদের পূর্বের বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হয়।

বৈঠকে জানানো হয় যে, মেডিক্যাল কলেজগুলোর সিলেবাস ও কারিকুলাম সময়োপযোগী করার ব্যাপারে ব্যবস্থার সুপারিশ করার জন্য জাতীয় অধ্যাপক নূরুল ইসলামকে আহবায়ক করে একটি কমিটি গঠন করা হয়েছে।

বৈঠকে আরো জানানো হয় যে, কৃষি শিক্ষাকে দেশের প্রয়োজনের সংগে প্রাসঙ্গিক রেখে

(শেষ পৃ: ৪-এর ক: দেখুন)

## রাষ্ট্রপতি

(১ম পাতার পর)

কৃষি বিশ্ববিদ্যালয়ের কোর্সের সিলেবাস পর্যালোচনা ও সময়োপযোগী করার লক্ষ্যে সাবেক মন্ত্রী মাহবুবুজ্জামানকে আহ্বায়ক করে আরেকটি কমিটি গঠন করা হয়েছে।

বৈঠকে সিদ্ধান্ত নেয়া হয় যে, ডিগ্রী পরীক্ষায় অবৈধ উপায় অবলম্বনের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে এবং ডিগ্রী পরীক্ষা কেন্দ্রগুলো ক্রমান্বয়ে কমিয়ে এনে জেলা সদরে সীমাবদ্ধ রাখা হবে।

বৈঠকে আরো সিদ্ধান্ত নেয়া হয় যে, যেখানে এইচএসসি পরীক্ষা কেন্দ্র নেই সেখানে ডিগ্রী পরীক্ষা কেন্দ্রের অনুমতি দেয়া হবে না।

সকল বিশ্ববিদ্যালয়ের উপাচার্যরা ছাড়াও বৈঠকে শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম, শিক্ষা প্রতিমন্ত্রী নিতাই রায় চৌধুরী, জাতীয় অধ্যাপক ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান সৈয়দ আলী আহসান, রাষ্ট্রপতির মুখ্য সচিব এ, এইচ সিদ্দিক ও শিক্ষা সচিব হেদায়েত হোসেন উপস্থিত ছিলেন।